আল্লাহ তা‘আলা যখন তার কোনো বান্দার কল্যাণ চান তখন তাড়াতাড়ি দুনিয়াতে তাকে শাস্তি প্রদান করেন। আর যখন তিনি তার কোনো বান্দার অকল্যাণ চান তখন তাকে তার অপরাধের শাস্তি প্রদান থেকে বিরত থাকেন। যাতে কিয়ামতের দিন তিনি তাকে পুরাপুরি শাস্তি দেন।

আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: আল্লাহ তা‘আলা যখন তার কোনো বান্দার কল্যাণ চান তখন তাড়াতাড়ি দুনিয়াতে তাকে বিপদে নিক্ষেপ করে শাস্তি দেন। আর যখন তিনি তার কোনো বান্দার অকল্যাণ চান তখন তাকে তার অপরাধের শাস্তি প্রদান থেকে বিরত থাকেন। যাতে কিয়ামতের দিন তিনি তাকে পুরাপুরি শাস্তি দেন।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সংবাদ দিচ্ছেন যে, আল্লাহ তাআলা তাঁর বান্দার কল্যাণে ইচ্ছা করার নিদর্শন হচ্ছে, দুনিয়াতে নগদে তার গুনাহের ওপর শাস্তি দেয়া; যাতে সে গুনাহ থেকে পরিস্কার হয়ে যায় এবং তার কোনো গুণাহ না থাকে, যদ্বারা কিয়ামতের দিন তাকে শাস্তি দিবেন। কেননা যার আমলের হিসাব দুনিয়াতেই হবে আখেরাতে তার হিসাব হালকা হবে। আর বান্দার প্রতি কল্যাণ সাধনের নিদর্শন হচ্ছে, বান্দার গুণাহর কারণে দুনিয়াতে তাকে শাস্তি না দেওয়া। যাতে কিয়ামতের দিন সে পুরাপুরি গুণাহ নিয়ে উপস্থিত হয়। এরপর কিয়ামতের দিন তাকে তার প্রাপ্য হিসেবে প্রতিদান দেওয়া হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/3332